দৈনিক সংবাদ

JUN. 24 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# চুয়াডাঙ্গায় তৃতীয় শ্রেণীর ছাত্রীকে ধর্ষণের পর খুন

চুয়াডাঙ্গা থেকে নিজস্ব সংবাদদাতা : জেলার দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি গ্রামে তৃতীয় শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণের পর খুন করা হয়েছে। শনিবার পুলিশ লাশ উদ্ধার করেছে।

জানা গেছে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি গ্রামের দরিদ্র নুর ইসলামের মেয়ে তৃতীয় শ্রেণীর ছাত্রী ববিতা (১১) ২১শে জুন মাঠে ছাগল চরাতে গিয়ে আর বাড়ি ফেরেনি। অনেক খোঁজা-খুঁজির পর ববিতার রক্তাক্ত লাশ পাটক্ষেতে পাওয়া যায়। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে।

এলাকাবাসী সূত্রে জানা গেছে, নরপশুরা ধর্ষণশেষে তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করে পাটক্ষেতে ফেলে রেখে যায়।